দৈনিক
আমাদের সময়

তারিখ 15 NOV 2017
পৃষ্ঠা 6 কলাম 2

# খাগড়াছড়ির ৩ ছাত্রাবাস ছয় বছরেও চালু হয়নি

রফিকুল ইসলাম, খাগড়াছড়ি ●
খাগড়াছড়ির মানিকছড়ি, লক্ষ্মীছড়ি ও পানছড়ি উপজেলার তিনটি ছাত্রাবাস গত ছয় বছরেও চালু হয়নি। এ জন্য কর্তৃপক্ষের গাফিলতিকেই দায়ী করছেন সংশ্লিষ্টরা। এদিকে ছাত্রাবাসগুলো চালু না হওয়ায় সেগুলোতে থাকতে পারছে না শিক্ষার্থীরা। জানা যায়, নির্মাণের ছয় বছর অতিবাহিত হলেও পরিচালনার জন্য ওই ছাত্রাবাসগুলোয় জনবল নিয়োগ দিতে পারেনি কর্তৃপক্ষ। এলজিইডি সূত্র জানায়, দুর্গম এলাকার শিক্ষার্থীদের আবাসিক সুবিধা দিতে সরকার স্থানীয় সরকার প্রকৌশলীর অধিদপ্তরের (এলজিইডি) মাধ্যমে ছাত্রাবাস তিনটি নির্মাণ করে। বর্তমানে পার্বত্য জেলা পরিষদের কাছে জেলার প্রাথমিক শিক্ষা কার্যক্রম ন্যস্ত হয়েছে। ছাত্রাবাসগুলো চালু করতে জেলা পরিষদে কয়েকবার চিঠি দিলেও কার্যকর পদক্ষেপ নেওয়া হয়নি। ২০১১ সালে এলজিইডি প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির দ্বিতীয় পর্যায়ের (পিডিইপি-২) আওতায় প্রতিটি ২ কোটি ২৪ লাখ করে মোট ৬ কোটি ৭২ লাখ টাকা ব্যয়ে তিনতলাবিশিষ্ট ওই ৩টি ছাত্রাবাস নির্মাণ করে। অভিন্ন নকশার ছাত্রাবাসগুলো চালু না হওয়ায় বর্তমানে বিভিন্ন সরঞ্জাম নষ্ট হয়ে গেছে। ভেঙে গেছে ভবনে রাখা চেয়ার-টেবিল। অনেকগুলো কক্ষ ব্যবহারের অনুপযোগী হয়ে গেছে। লক্ষ্মীছড়ির ছাত্রাবাসটি গত ৬ বছর ধরে পরিত্যক্ত। ভবনসহ আসবাবপত্র জীর্ণ হয়ে গেছে। লক্ষ্মীছড়ি মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিজয় কুমার চাকমা পরিবার নিয়ে এই ছাত্রাবাসে বসবাস করছেন।

**নিয়োগ দেওয়া হয়নি কোনো জনবল**